মেহেরপুরে নতুন ৪ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। এদের মধ্যে সদরে ৩ জন এবং গাংনীতে ১ জন।

রবিবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২৪ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১৯ জনের। আর পজেটিভ আসে ৪ জনের এবং বাকি একজনের ফলোআপ পজিটিভ।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৩৬২ টি, সর্বমোট পজিটিভ ৬৪২ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫১ জন। বর্তমানে আক্রান্ত রয়েছেন ২৩ জন । এদের মধ্যে সদরে ৮ জন, মুজিবনগরে ১১ জন এবং গাংনীতে ৪ জন। সুস্থ হয়েছেন ৫৫২ জন। এদের মধ্যে সদরে ২৯০, গাংনীতে ২০৪, মুজিবনগরে ৫৮।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্ত ব্যক্তিরা হলেন- সদর উপজেলার সুবিধপুরের শহিদা খাতুন (৩০), আশরাফপুরের ইব্রাহিম (২৪) এবং শহরের বাসস্ট্যান্ড পাড়ার লিজন (৩৫) এবং গাংনীর মহেশপুরের গোলাম সরোয়ার (৪৮)।

মেহেরপুরে দুই ছাগল চোর আটক

মেহেরপুর সদর উপজেলা বন্দর গ্রামের প্রধান সড়ক থেকে মুরাদ আলী ছেলে শাহারুল মাইকেল (২৫) কাশেম আলীর ছেলে সুলতান(২৯) ছাগল চুরি করার সময় দুই চোরকে আটক করেছে গ্রাম বাসিরা।
রবিবার দুপুরে মেহেরপুর থেকে মুজিবনগর প্রধান সড়কে এই ঘটনা ঘটে। এই বিষয়ে বন্দর গ্রামের গ্রাম বাসিরা জানান, মেহেরপুর পৌর স্মাশান ঘাটের প্রধান সড়কের মোড় থেকে লাল রং এর একটি ছাগল মিসুক যোগে তুলে নিয়ে যাচ্ছিলো এমন সময় গ্রাম বাসিরা মিসুক টিকে চকশ্যাম নগর এর মাঠ থেকে তাড়া করে ধরে নিয়ে আসে।
পরে আমদাহ ইউনিয়ন পরিষদের মেম্বার দরুদ আলী, ও তিন নং ওয়াড সেক্রেটারি শাহিনুর রহমান ঘটনা স্থলে পৌছিয়ে গ্রাম বাসিদের নিয়ে

একটি আপোস মিমাংসার মাধ্যমে তাদের গার্জিয়ান এর হাতে তুলে দেয়

মেহেরপুরে একযোগে ২৭ বিটে উঠান বৈঠক

সারা দেশের ন্যায় মেহেরপুরের ২৭ বিট পুলিশিং কার্যালয়ে একযোগে নারী নির্যাতন, ধর্ষণ, ইভটিজিং প্রতিরোধকল্পে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে শ্যামপুর ইউনিটের প্রায় ২শতাধিক নারী-পুরুষ নিয়ে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মেহেরপুরের শ্যামপুর বিটে পুলিশ সুপার এ উঠান বৈঠকের সূচনা করেন।

পুলিশ সুপার এস এম মুরাদ আলি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড আইন প্রণয়ন করেছেন। সরকারের পাশাপাশি সমাজের প্রত্যেক নাগরিকের উচিত নিজে থেকে সচেতন হওয়া। গ্রামের মানুষকে সচেতন করে তোলা, নারীদের নিরাপত্তা এবং সুবিচারের লক্ষ্যে আমাদের এই বিট পুলিশিং কার্যক্রম। এছাড়াও তিনি বলেন, আমি আপনাদের সেবা করতে এসেছি। পুলিশি সহায়তা আপনাদের দোর গোড়ায় পৌছে দিতে আমরা কাজ করে চলেছি।

এসময় অন্যদের মধ্যে বক্তব্য দেন সদর থানার ওসি শাহ দারা খান, জেলা সেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল আনাম বকুল, গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম।

শ্যামপুর বিট ইনচার্জ শরিফ হাবিব এসময় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সঞ্চালনা করেন জেলা সেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক মতিয়ার রহমান মতি।

কুষ্টিয়ায় আওয়ামী লীগ নেতার বাড়িতে কিশোরকে রাতভর নির্যাতন

কুষ্টিয়ায় আওয়ামী লীগের এক নেতার বাড়িতে এক কিশোরকে রাতভর নির্যাতনের অীভযোগ পাওয়া গেছে। কুমারখালী উপজেলায় আওয়ামী লীগের নেতার ছেলের বিরুদ্ধে বুধবার রাতে কিশোরকে পেটানোর অভিযোগ পাওয়া গেছে। পরে ১০ হাজার টাকা মুক্তিপণ দিয়ে ওই কিশোরকে ছাড়িয়ে নিয়ে যায় তার পরিবার। এখন আওয়ামী লীগ নেতার ভয়ে পরিবারটি পুলিশকে ঘটনা জানানোরও সাহস পাচ্ছে না।

মারধরের শিকার কিশোরের নাম কামরুজ্জামান (১৬)। সে ঝিনাইদহের শৈলকূপা উপজেলার বুরুলিয়া গ্রামের সমসের আলীর ছেলে। কামরুজ্জামান কাতলাগাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র।

কামরুজ্জামানকে কুমারখালীর পান্টি ইউনিয়নের ৮ নম্বর রাজাপুর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আনছার আলী মিস্ত্রির বাড়িতে আটকে রেখে নির্যাতন করা হয়। তাকে আনছারের ছেলে শুকুর আলী, একই ওয়ার্ডের বাবলু মোল্লার ছেলে রানা মোল্লা ও মৃত মসলেম মোল্লার ছেলে তাইজাল মোল্লা ধরে নিয়ে যান।

শনিবার আনছার আলী বলেন, তিনি বৃহস্পতিবার ফজরের নামাজ পড়তে উঠে জানতে পারেন, শুকুর একটা ছেলেকে ধরে নিয়ে ঘরে আটকে রেখেছে। কথা বললে ছেলেটি জানায়, তাকে খুব মারধর করা হয়েছে। ব্যস্ততা থাকায় তিনি বাড়ি থেকে বের হয়ে যান। পরে কী হয়েছে, জানা নেই। এমন ঘটনা আগেই পুলিশকে জানানো উচিত ছিল। এ জন্য তিনি ক্ষমা চান।

ভুক্তভোগী কামরুজ্জামান জানায়, গত বুধবার সে রাজাপুর গ্রামে বোনের বাড়ি যাওয়ার উদ্দেশে বের হয়। সন্ধ্যার পর গ্রামটির মসজিদের সামনে পৌঁছালে শুকুর, রানা ও তাইজাল মোটরসাইকেলে করে তাকে ধরে নিয়ে যান। বাড়িতে আটকে রেখে রাতে তাকে রড ও গাছের ডাল দিয়ে পেটানো হয়। ফজরের আজানের সময় তার পরিবারকে ফোন দেওয়া হয়। ফোন পেয়ে তার চাচা মো. বাদশা ও মো. সোহেল সেখানে যান।

সেখানে কামরুজ্জামানের বিরুদ্ধে নানা অভিযোগ এনে ৫০ হাজার টাকা দাবি করা হয়। না দিলে হয় তাকে মেরে ফেলা হবে, না হয় মাদকসহ

পুলিশের হাতে তুলে দেওয়ার হুমকি দেওয়া হয়। দুপুরে ১০ হাজার টাকা দিয়ে কামরুজ্জামানকে অসুস্থ অবস্থায় বাড়ি নিয়ে যান পরিবারের সদস্যরা।
শুকুর আলীকে তার মুঠোফোন নম্বরে কল করা হলেও পাওয়া যায় নি।

কুষ্টিয়া পুলিশ সুপার এস এম তানভীর আরাফাত বলেন, এ ঘটনায় এখনই ব্যবস্থা নেওয়া হচ্ছে। কোনো অপরাধ করে কেউ পার পাবে না। ভুক্তভোগীকে সর্বোচ্চ নিরাপত্তা দেওয়া হবে।

মেহেরপুরে লালন শাহ্ এর ১৩০ তম তিরোধান দিবস পালন

“এমন মানব সমাজ কবে গো সৃজন হবে যেদিন হিন্দু মুসলমান বৌদ্ধ খ্রীষ্টান জাতি গোত্র নাহি রবে ” কিংবদন্তি বাউল সম্রাট লালন শাহ্ এর ১৩০ তম তিরোধান দিবস পালন করেছে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি।

শনিবার রাতে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির মিলানতয়নে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে এই অনুষ্ঠান পরিচালনা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, প্রফেসর আব্দুল মালেক।

অনুষ্ঠানে লালনগীতি পরিবেশন করেন লালন কন্যা সোনিয়া, আফসার উদ্দিন, এস এম তোহিদ সরকার, সুমনা রহমান, ফৌজিয়া আফরোজ তুলি, ফকির হারুন-উর-রশিদ, তহমিনা, সাধনা, ফজলুর রহমান এবং নিত্য পরিবেশন করেন তাসলিমা আলম বনান্তী।

বাদ্যযন্ত্রে ছিলেন, কি র্বোডে এম সাইদুর রহমান, দোতারায় এস এম তোহিদ সরকার, তবলায় অনিব হাসান, ঢোলে সামাদুল ইসলাম, বাঁশিতে আমজাদ হোসেন, রুবেল ইসলাম, রতন ও আলাউদ্দিন প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দর্শনায় নারী ও শিশু ধর্ষণ বন্ধ এবং ধর্ষকদের বিচারের দাবীতে মানববন্ধন

জাগো বাংলাদেশ শ্লোগানে চুয়াডাঙ্গা জেলার দর্শনায় নারী ও শিশু ধর্ষণ বন্ধ ও ন্যায় বিচারের দাবীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০ টায় দর্শনা ওয়েভ ফাউন্ডেশনের উদ্যোগে রেলবাজার বটতলা মুজিবনগর সড়কে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ মানব বন্ধনে ৭টি সংগঠন অংশ নেয়।

এসব সংগঠনের মধ্যে ছিলো দর্শনা প্রেসক্লাব, ইয়থ এসেম্বেলি, কিশোর-কিশোরী সংগঠন, সমৃদ্ধি যুব ফোরাম, পারকৃষ্ণপুর যুব ফোরাম, চুয়াডাঙ্গা জেলা লোকমোর্চা, ওয়েভ ফাউন্ডেশন, দর্শনা পৌর প্রবীণ কমিটি ও ওয়েভ ট্রেড টেনিং সেন্টারসহ ব্যক্তিগত অনেকেই এ মানববন্ধনে অংশ নেয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন দর্শনা প্রবীণ কমিটির সভাপতি দর্শনা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ মো: মোশারফ হোসেন, ওয়েভ ফাউন্ডশনের উপ-পরিচালক জহির রায়হান, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, সাবেক সভাপতি হানিফ মন্ডল,ওয়েভ ফাউন্ডশনের সমন্বয়ক কামরুজ্জামান যুদ্ধ, বিতাব আলী দর্শনা প্রবীণ কমিটির সাধারণ সম্পাদক আকমত আলী, ইয়ূথ এসেম্বলির সহ সভাপতি তুলি, সাধারণ সম্পাদক ফাইজা পল্লী, কিশোর-কিশোরী ক্লাবের পরিচালক পিংকি রানী মল্লিক প্রমুখ। মানববন্ধনে দর্শনার সুধি সমাজ সহ বিভিন্ন সংগঠন অংশ গ্রহণ করেন। মানববন্ধনের সকল অনুষ্ঠান পরিচালনা করেন কামরুজ্জামান যুদ্ধ।

জীবননগরে বালি উত্তলনের অপরাধে

অর্থদণ্ডসহ একজনকে কারাদণ্ড

জীবননগরে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে বালি উত্তলনের অপরাধে অর্থদণ্ডসহ একজনকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে। গতকাল শনিবার বেলা সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের পুকামারী গ্রামে এ অভিযান পরিচালনা করা হয়।

এ সময় খাসপাড়ার মৃত আবুল হাসেম মন্ডলের ছেলে গোলাম মোস্তফা
(৪৫) বালি উত্তলন করার অপরাধে ,বালু মহল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০এর ৪(খ)ধারার অপরাধে নগদ ৫০হাজার টাকা জরিমানাসহ এক মাসের বিনাশ্রম কারাদণ্ড করেন ভ্রাম্যমাণ আদালন।

জানা গেছে, গোলাম মোস্তফা দীর্ঘ দিন যাবৎ প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে সাধারণ মানুষের ফসলি জমি ক্ষতি করে নিজের স্বার্থ হাসিলের জন্য এবং মোটা অংকের অর্থ আয় করার জন্য বালু উত্তলন করে আসছে। যার ফলে এলাকার সাধারণ মানুষের যাতায়াত করতে চরম বিপাকে পড়তে হয়। এ সমস্থ বিষয়গুলো স্থানীয় ব্যক্তিরা একাধীকবার বলা সত্বেও গোলাম মোস্তফা কারও কোন কথা না শুনে নিজের খেয়াল খুশিমত চলতে থাকে এবং অন্যের জমি নষ্ঠ করে বালি উত্তলন করতে থাকে ।

এ দিকে বালি উত্তলন বন্ধ না করায় এলাকার সাধারণ মানুষ জীবননগর উপজেলা নির্বাহী অফিসারের নিকট একটি লিখিত অভিযোগ দিলে শনিবার জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম মুনিম লিংকন ঘটনা স্থানে গিয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে জরিমানা সহ এক মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন। পাশাপাশি বালি উত্তলনের সমস্থ কার্যক্রম বন্ধ করে রাখার নির্দেশনা প্রদান করেন।

জীবননগরে ধর্ষণবিরোধী সমাবেশ

অনুষ্ঠিত হয়েছে

জীবননগরে ধর্ষণবিরোধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০টার সময় জীবননগর থানা পুলিশের আয়োজনে জীবননগর উপজেলার ৮ টি ইউনিয়ন এবং জীবননগর পৌর সভার ৩টিসহ উপজেলায় ১১টি কেন্দ্রে বিট পুলিশিং এলাকায় ধর্ষণ ও নারী নির্যাতনের বিরুদ্ধে জনসচেতনতা তৈরির লক্ষ্যে সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি (তদন্ত) ফেরদৌস ওয়াহিদ, জীবননগর থানার ওসি অপারেশন মোল্লা সেলিম, পৌর কাউন্সিলার আতিয়ার রহমান, আপিল উদ্দিন, মহিলা কাউন্সিলার বিউট খাতুন সহ নারী জনপ্রতিনিধি, শিক্ষক, মসজিদের ইমাম এবং সকল শ্রেণী পেশার সাধারণ মানুষ উপস্থিত ছিলেন ।